# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৮.৩১(১৬).১৪৪.২৫.১৩৫

তারিখ: ২৪/০৩/২০২৫ খ্রিঃ

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন সায়রাত মহাল ২০২৫-২০২৬ আর্থিক সনের ইজারা বিজ্ঞপ্তি:

নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন নিম্নেবর্ণিত সায়রাত মহালসমূহ ২০২৫-২০২৬ খ্রিঃ সনের অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র অফিস চলাকালীন সময়ে নগর ভবনের হিসাব শাখা; জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয়ে স্থানীয় সরকার শাখা; পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর কার্যালয়; সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে এবং উক্ত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র জমা দেওয়া যাবে। গৃহীত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী নগর ভবনে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য সিটি কর্পোরেশনের ০৩ (তিন) টি আঞ্চলিক কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে দরদাতার (প্রস্তাবিত) দরের ১০০% অর্থ প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। দরদাতাকে প্রস্তাবিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত আরও ১৫% ভ্যাট, ১০% আয়করের সমপরিমাণ টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ইজারা প্রাপ্তির পর ইজারাদারকে ৫% জামানত পরিশোধ করত: ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে সিটি কর্পোরেশনের সাথে চুক্তিপত্র সম্পাদনের পর বাজার/ স্ট্যান্ডের দখল বুঝিয়ে দেয়া হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী দরপত্রের সঙ্গে লিপিবদ্ধ রয়েছে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। দরপত্রের বিষয়ে বিস্তারিত জানতে ভিজিট করুন www.ncc.gov.bd.

| ক্র:নং | সায়রাত মহালের নাম | ২০২৫-২০২৬ সনের কাঙ্খিত মূল্য | বায়নার পরিমাণ (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | কেন্দ্রীয় বাস টার্মিনাল (নারায়ণগঞ্জ) | ১৬,৫৯,৮৮৪/- | ১০০% | ৩,৮০০/- |
| ২ | পঞ্চবটি ট্রাক টার্মিনাল (নারায়ণগঞ্জ) | ৩,৫৩,০৫১/- | ১০০% | ১,২০০/- |
| ৩ | নিউমেট্রো হলের সম্মুখস্থ সড়ক বাস স্ট্যান্ড | ৪,৯৪,৩১৩/- | ১০০% | ১,৬০০/- |
| ৪ | রাস্তার ক্ষতিপূরণ ফি আদায় নিতাইগঞ্জ ও থানাপুকুর পাড় | ১৫,২৩,৫৭৩/- | ১০০% | ৩,৮০০/- |
| ৫ | ১ নং রেলগেইট সংলগ্ন সিএনজি ও থ্রিহুইলারযান স্ট্যান্ড (শহিদ সোহরাওয়ার্দী সড়ক সংলগ্ন উত্তর পাশে) | ২,০৯,৯১৫/- | ১০০% | ১,০০০/- |
| ৬ | জিমখানা সড়ক সিএনজি ও থ্রিহুইলারযান স্ট্যান্ড | ৫,২৭,৬৬৮/- | ১০০% | ১,৬০০/- |
| ৭ | সৈয়দ আলী চেম্বার সংলগ্ন গণশৌচাগার (নারায়ণগঞ্জ) | ৯৩,২৪৫/- | ১০০% | ৫০০/- |
| ৮ | কেন্দ্রীয় পৌর শহিদ মিনার সংলগ্ন গণশৌচাগার | ২,২০,৯৪০/- | ১০০% | ১,২০০/- |
| ৯ | ধর্মতলা গণশৌচাগার | ২,০১,২২৩/- | ১০০% | ১,০০০/- |
| ১০ | ইনস্টিটিউট রোড পার্শ্বস্থ খালি জায়গায় অস্থায়ী কাঁচাবাজার | ৯৫,৪০,০০০/- | ১০০% | ১৯,৬০০/- |

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি:

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দফা | ১৫/০৪/২০২৫ হতে ১৭/০৪/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ২০/০৪/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০/০৪/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ২য় দফা | ২৮/০৪/২০২৫ হতে ২৯/০৪/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ৩০/০৪/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩০/০৪/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৩য় দফা | ১৩/০৫/২০২৫ হতে ১৫/০৫/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ১৮/০৫/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৮/০৫/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৪র্থ দফা | ০৭/০৭/২০২৫ হতে ০৯/০৭/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ১০/০৭/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১০/০৭/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৫ম দফা | ১০/০৮/২০২৫ হতে ১২/০৮/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ১৩/০৮/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৩/০৮/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৬ষ্ঠ দফা | ০৮/০৯/২০২৫ হতে ১০/০৯/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ১১/০৯/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১১/০৯/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৭ম দফা | ০৭/১০/২০২৫ হতে ০৮/১০/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ০৯/১০/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৯/১০/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৮ম দফা | ১৭/১১/২০২৫ হতে ১৯/১১/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ২০/১১/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০/১১/২০২৫ বিকাল ৩.০০ টা |
| ৯ম দফা | ২৮/১২/২০২৫ হতে ৩০/১২/২০২৫ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা | ৩১/১২/২০২৫ দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩১/১২/২০২৫ বিকাল ৩.০০ টা |

বি:দ্র: কোনো দফায় কোনো মহালের প্রাপ্ত দর গৃহীত হলে, পরবর্তী দফায় ঐ মহালের দরপত্র গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলীঃ

১। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং খামের উপরে ইজারার বিষয়ের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

২। দরদাতাকে প্রস্তাবিত দরের ১০০% টাকা প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। তাছাড়াও প্রস্তাবিত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়করের সমপরিমান টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। অস্পষ্ট, কাটা-ছেঁড়া, ঘষা-মাজা সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দরপত্র ক্রয়ের রশিদ অবশ্যই সংযুক্ত করতে হবে।

৪। দরপত্রে বর্ণিত প্রথম সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে, যদি সকল শর্ত পূরণপূর্বক উক্ত দর কাঙ্খিত মূল্যের বেশি হয়।

৫। নির্দিষ্ট সময়ে টেন্ডার বাক্স বন্ধ হয়ে যাওয়ার পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না। দুই বা ততোধিক দরদাতার দর প্রথম সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। কারো নিকট থেকে সিটি কর্পোরেশন কোনো পাওনা বাকি থাকলে তিনি ইজারা কার্যক্রমে অংশ গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৭। প্রথম সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাকে দরপত্রে প্রস্তাবিত মূল্যের উপর ৫% জামানত জমা দিয়ে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তির সম্পাদনের পর ইজারার দখল ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। অন্যথায় ইজারা বাতিল পূর্বক জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করতঃ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৮। আলোর ব্যবস্থাসহ টোল আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ইজারাদারকে করতে হবে এবং ইজারার টোল চার্ট সকলের দৃষ্টিগোচর হয় এরকম প্রকাশ্য স্থানে বৃহদাকারে জনগণের অবগতির জন্য টাঙিয়ে রাখতে হবে।

৯। ইজারা সম্পর্কিত বিষয়সমুহের উপর অত্র সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচাপাকা কোনো অবকাঠামো নির্মাণ করা যাবে না।

১০। ইজারাদার কোনোক্রমেই ইজারা প্রাপ্ত মহাল অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারবেনা। সাবলিজ প্রদান ইজারাদার শর্ত লঙ্ঘন বলে বিবেচিত হবে। ইজারাদার নিজ খরচে ১টি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।

১১। ইজারার বিষয় পরিচালনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রেইটে টোল আদায় করতে হবে এবং ইজারাদারকে নিজ খরচে টোল রেইটের তালিকা দৃশ্যমান স্থানে টাংগিয়ে রাখতে হবে। টোল রেইটঃ (১) বাস/ট্রাক পার্কিং ফি দৈনিক = ৫০/- টাকা, (২) সিএনজি ও থ্রিহুইলারযান পার্কিং ফি দৈনিক = ২০/- টাকা (৩) মাইক্রোবাস প্রতিবার = ১৫/- টাকা, (৪) মিনিবাস দৈনিক = ২০/- টাকা, (৫) গণশৌচাগার ফিঃ প্রস্রাব প্রতিবার = ২/- টাকা, পায়খানা প্রতিবার = ৫/- টাকা, গোসল প্রতিবার = ১০/- টাকা, খাবারের পানি প্রতি লিটার = ২/- টাকা, (৬) রাস্তার ক্ষতিপূরণ ফি আদায় ১। লোডিং ট্রাক ৬ চাকা পর্যন্ত = ৩০/- টাকা, ২। লোডিং কভার্ডভ্যান ও বড় ট্রাক = ৪০/- টাকা, ৩। কভার্ডভ্যান ছোট ৪ চাকা = ৩০/- টাকা, মালামাল বহনকারী মাইক্রোবাস/সিএনজি/টেম্পো = ২০/- টাকা।

১২। হাট বাজার/স্ট্যান্ডের টোল আদায়ের ক্ষেত্রে সিটি কর্পোরেশন হতে সরবরাহকৃত টোল রেইট প্রযোজ্য হবে।

১৩। ইজারার এক বা একাধিক শর্ত ভঙ্গ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ সরকার অথবা সিটি কর্পোরেশনের স্বার্থে বর্ণিত যে কোনো শর্ত শিথিল করতে পারবে।

১৪। সরকার এবং সিটি কর্পোরেশন কর্তৃক ইজারা সংক্রান্ত পরবর্তীতে যে সকল নির্দেশ জারী করা হবে ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫। ইজারা গ্রহণকৃত স্থানে ইজারাদার (প্রযোজ্য ক্ষেত্রে) নিজস্ব ব্যবস্থাপনায় পানি, বিদ্যুৎ এর ব্যবস্থা করবেন এবং ব্যবহৃত বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করবেন। এতে সিটি কর্পোরেশন কোন সংশ্লেষ থাকবে না।

১৬। ইজারাদার নিজ দায়িত্বে ইজারাকৃত স্থান অবশ্যই পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৭। কোনো অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তি বা একাধিক ব্যক্তির নামে দরপত্র ক্রয় বা দাখিল করা যাবে না। একজনের নামের দরপত্র ক্রয় করে অন্যজনের নামে দাখিল করলে তা বাতিল বা গ্রহণের ক্ষমতা কতৃপক্ষ সংরক্ষণ করে ।

১৮। হাট-বাজার/সায়রাত মহাল ইজারা সংশ্লিষ্ট টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৯। কোনো দফায় কোনো দরদাতার দর গৃহীত হলে পরবর্তী দফায় ঐ মহালের দরপত্র বিক্রি করা হবেনা, এ বিষয়ে টেলিফোন অথবা পত্র মারফত সংশ্লিষ্ট দরপত্র বিক্রেতাকে অবহিত করা হবে।

২০। কোনো দর দাখিলকারী যে দফায় দর প্রস্তাব দাখিল করবেন তার পরবর্তী দফার পূর্বেই তার দরপত্র গৃহীত হয়েছে কিনা সংশ্লিষ্ট শাখায় এসে তা নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

২১। সরকার/সিটি কর্পোরেশনের পক্ষ হতে কোনো উন্নয়ন প্রকল্প গ্রহণ, আইনগত কারণ বা অন্যান্য যৌক্তিক কারণে কোনো মহাল হতে ইজারাদার টোল আদায় করতে না পরলে ইজারাদারের আবেদনের প্রেক্ষিতে সিটি কর্পোরেশন আনুপাতিক হারে ইজারার টাকা ফেরত প্রদান করবে।

২২। গণশৌচাগার ইজারা প্রাপকে দৈনিক কমপক্ষে ০২ (দুই) বার শৌচাগার পরিষ্কার- পরিচ্ছন্ন করতে হবে। প্রতিটি টয়লেট এবং প্রস্রাবখানা'র জন্য জুতার ব্যবস্থা রাখতে হবে। শৌচাগারে পর্যাপ্ত পরিমাণ টয়লেট পেপার, পরিষ্কার -পরিচ্ছন্ন সরঞ্জাম প্রস্তুত রাখতে হবে এবং শৌচাগারের স্যানিটারী সামগ্রী/ধাতব সামগ্রী/ টয়লেটের বর্জ মাকড়সার জাল, জানালা/দরজা পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।

২৩। উপরে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।

২৪/০৬/২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
ফোন: ২২৪৪৩৮৬৯৬
secretary@ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৮.৩১(১৬).১৪৪.২৫.১৩৫/১(২৫) তারিখ: ২৪/০৩/২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, নারায়ণগঞ্জ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। নিবাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের অনলাইন এবং ওয়েবসাইটে আপলোডসহ যে সকল দরদাতা অনলাইনে আবেদন করতে ইচ্ছুক তাদেরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
১২। উর্ধ্বতন উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ নদী বন্দর।
১৩। প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
১৪। নোটিশ বোর্ড: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন; কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়; জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কার্যালয়; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর/ বন্দর, প্রধান ডাকঘর/সাব-রেজিষ্ট্রি অফিস/ সহকারী কমিশনার (ভূমি) অফিস/ তহসিল অফিস, প্রেসক্লাব, বি কে এম ই এ ও হাসপাতাল সমুহের নোটিশ বোর্ড।
১৫। সম্পাদক, দৈনিক............................................................ (তাঁকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১০´´ ইঞ্চি পরিসরে ...................... তারিখে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৬। জনাব ................................................
.............................................................।

২৪/০৬/২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।